

প্রাপ্ত
কলেজের website-
Buddhin
৩/১০/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-১
Shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৬.০০৭.২০১৬-৪১৫

তারিখ : ১৩ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ


প্রজ্ঞাপন

সরকার জুলাই-আগস্ট ২০২৪ এ ছাত্র জনতার গণ-অভ্যুত্থানে আহত মাধ্যমিক হতে বিশ্ববিদ্যালয় পর্যায়ের (সকল সরকারি-বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও বিশ্ববিদ্যালয়) শিক্ষার্থীদের বেতন/টিউশন ফি মওকুফের সিদ্ধান্ত গ্রহণ করেছে। আহত শিক্ষার্থীগণ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট চিকিৎসা ব্যবস্থাপত্রসহ এ বিষয়ে আবেদন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অবিলম্বে আবেদনসমূহ যাচাইপূর্বক শিক্ষার্থীদের বেতন/টিউশন ফি মওকুফের ব্যবস্থা গ্রহণ করবেন।

০২। আহত শিক্ষার্থীর শিক্ষা জীবনের বর্তমান পর্যায় হতে বিশ্ববিদ্যালয় পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বেতন/টিউশন ফি মওকুফ এর -এ সিদ্ধান্ত কার্যকর থাকবে।

০৩। সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান অবিলম্বে এ সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ ইয়ানুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

নং-৩৭.০০.০০০০.০৭১.০৬.০০৭.২০১৬-৪১৫

তারিখ : ১৩ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলানগর, আগারগাঁও, ঢাকা
৫. উপাচার্য, পাবলিক/বেসরকারি বিশ্ববিদ্যালয়----- (সকল)
৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৭. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৮. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৯. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১০. সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল